ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৬৫২

মোহনপুর, ৯ জুলাই ২০২৫

**মোহনপুরে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ে মহড়া অনুষ্ঠিত**

সারা রাজ্যের সাথে মোহনপুর মহকুমায়ও আজ প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার উপর মহড়া অনুষ্ঠিত হয়। মোহনপুর মহকুমার লেফুঙ্গা ব্লকের গামছাকোবরা ভিসি অফিস প্রাঙ্গণে, মোহনপুর ব্লকের রাঙ্গাছড়া জওহর নবোদয় বিদ্যালয়ের নিকট, বামুটিয়া ব্লকের ভাগলপুর লেকে, হেজামারা ব্লকের সুবল সিং এলাকায় মহড়াগুলি অনুষ্ঠিত হয়। মহড়ায় বন্যা ও ভূমিধ্বসে ক্ষতিগ্রস্ত মানুষ ও গবাদি পশুকে কিভাবে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়, কিভাবে জরুরী নানা সামগ্রী পৌঁছে দেওয়া হয়, প্রয়োজনীয় স্বাস্থ্য পরিষেবা দেওয়া হয় ইত্যাদি বিষয়গুলি প্রদর্শন করা হয়। মহড়ায় টিএসআর, অগ্নি নির্বাপক, বিদ্যুৎ, পূর্ত, স্বাস্থ্য, পানীয়জল ও স্বাস্থ্যবিধি, আপদামিত্র, সিভিল ডিফেন্স, পুলিশ সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধিদল অংশগ্রহণ করেন। ৪টি স্থানে মহড়ায় মোট ৯৬ জন উদ্ধারকারীদলের সদস্য অংশগ্রহণ করেন। মহড়াগুলি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার জন্য মোহনপুর মহকুমা শাসক সুভাষ দত্ত অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানান।

*******